মুজিবনগর স্মৃতিসৌধে স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ সোনালী ব্যাংকের শ্রদ্ধা নিবেদন

মুজিবনগর স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেছেন স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ সোনালী ব্যাংক পিএলসি চুয়াডাঙ্গা এরিয়া।

আজ শুক্রবার বিকেলে চুয়াডাঙ্গা,মেহেরপুর জেলার নবগঠিত কমিটির নেতারা ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। শ্রদ্ধা নিবেদন শেষে জাতির পিতাসহ সকল শহীদের রুহের মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ নবগঠিত কমিটির সভাপতি সোনালী ব্যাংক জীবননগর শাখা ম্যানেজার আব্দুল হান্নান ,সহসভাপতি আলমডাঙ্গা শাখা ম্যানেজার এইচ এম আব্দুল আওয়াল ও মুহা: মুরশিদ আলম (এসপিও), সাধারণ সম্পাদক গাড়াডোব শাখা ম্যানেজার আসমাউল হুসনা তানিম, যুগ্ম সাধারণ সম্পাদক দর্শনা শাখা ম্যানেজার আব্দুল লতিফ , হাটবোয়ালিয়া শাখা ম্যানেজার আলী হায়দার ।

এছাড়াও নাজমুল হক পিও, শরিফুল ইসলাম এসও,আবুল বাশার,আব্দুল ওয়াকিল, ইফতেখারুল বাশার, খালিদ হাসান, রুবেল হোসেন, শাহাবুল আলম,তারিক মুবাশির,হাসিবুল ইসলাম ও জাহিদুল আলম প্রমুখ।

এর আগে ২৭ ফেব্রুয়ারী নবগঠিত কমিটির অনুমোদন করেন কেন্দ্রীয় কমিটির সভাপতি আলাউদ্দিন তুষার এবং সাধারণ সম্পাদক আব্দুর রায়হান।

নবগঠিত কমিটিতে উপদেষ্টা হিসাবে রয়েছেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি, পরে কমিটির নেতারা মুজিবনগর আম্রকাননে কমিটির পরবর্তী কার্যক্রম সম্পর্কে এক আলোচনা সভায় মিলিত হয়।

মুজিবনগরে ফেনসিডিলসহ দুই মাদক কারবারী আটক

৪৪ বোতল ভারতীয় ফেনসিডিলসহ দুই মাদক কারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারি) সকালের দিকে মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের ডোবাপাড়া এলাকায় মুজিবনগর থানা পুলিশের অভিযান চালিয়ে ফেনসিডিলসহ দুই মাদককারবারীকে আটক করা হয়।

আটকরা হলেন, মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের খোকা শেখের ছেলে জাহাঙ্গীর শেখ (৪০) ও একই গ্রামের পূর্বপাড়ার আসান খার ছেলে কাদের খা (৩৫)।

মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) বিপ্লব কুমার হালদারের নেতৃত্বে পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের আটক করেন। মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জ্বল দত্ত এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, ভারত থেকে চোরাই পথে মাদকের একটি চালান পাচার হচ্ছে এমন সংবাদ পেয়ে পুলিশের একটি টিম সেখানে অভিযান চালান। সন্দেহভাজন দুজনকে দেখে তাদের চ্যালেঞ্জের এক পর্যায়ে সাদা প্লাস্টিকের দুটি ব্যাগের ভিতর থেকে ৪৪ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটা নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে ধৃত আসামিদের আদালতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে অস্ত্র ও গুলিসহ ৫ জন আটক

একটি বিদেশী পিস্তল, ১ রাউন্ড গুলি ও পিস্তলের ম্যাগজিনসহ ৫ সন্ত্রাসী ও জুয়াড়ি আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গতকাল শনিবার বিকেল সাড়ে চারটার সময় মেহেরপুরের মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের শামীম হোসেন ওরফে বিজয় শেখের বাড়ির সিঁড়ি ঘরের পায়খানার ট্রাংকীর ভিতর থেকে মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে পিস্তুল, গুলি ও ম্যাগজিন উদ্ধার করেন।

আটকরা হলেন, শিবপুর গ্রামের মৃত শাহাজুল শেখের ছেলে ওই বাড়ির মালিক শামীম হোসেন ওরফে বিজয় শেখ (২২), তার অপর ৪ সঙ্গী একই উপজেলার কোমরপুর গ্রামের বিল্লাল শেখের ছেলে প্রিন্স শেখ (৩৪), সিরাজুল ইসলামের ছেলে শাহিন রেজা (২৪) যশোর কোতোয়ালী উপজেলার ঝুমঝুমপুর গ্রামের আব্দুল খালেকের ছেলে রাজন হাসান (২৯) ও শফিকুল ইসলামের ছেলে আলামিন (৩১)।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জ্বল দত্ত এই তথ্য নিশ্চিত করেছেন।

পুলিশ জানায়, শিবপুর গ্রামের শামীম রেজা ওরফে শেখ বিজয়ের বাড়িতে কিছু অস্ত্রধারী সন্ত্রাসী অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে শিবপুর গ্রামে অনলাইন জুয়ার মাস্টার মাইন্ড শেখ বিজয়ের বাড়িতে মুজিবনগর থানার ওসি উজ্বল দত্তের নেতুত্বে পুলিশ অভিযান চালিয়ে ৫ যুবক কে আটক করে। এসময় বাড়ির নির্মাণাধীন ট্যাংকির ভিতর থেকে একটি বিদেশী নাইন এমএম পিস্তল, ১টি ম্যাগজিন ও এক রাউন্ড গুলি, ৫টি মোবাইল উদ্ধার এবং একটি প্রাইভেটকার আটক করে।পরে তাদের আটক করে মুজিনগর থানায় নিয়ে আসে পুলিশ।

মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার আহসান খান সাংবাদিকদের বলেন, শেখ বিজয় অনলাইন জুয়ার মাস্টার মাইন্ড হিসেবে এর আগে কয়েকবার পুলিশের হাতে আটক হয়। পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে শেখ বিজয়ের বাড়িতে কিছু অস্ত্রধারী সন্ত্রাসী অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে যশোর জেলার দুই যুবক সহ ৫ জনকে আটক করে। এসময় তাদের স্বীকারক্তি অনুযায়ী ১টি পিস্তল, ১টি

ম্যাগজিন, ১ রাউন্ড গুলি, একটি প্রাইভেটকার ও ৫টি মোবাইল উদ্ধার করা হয়েছে। এ সময় একজন পালিয়ে যায় তাকে ধরতে পুলিশ সহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একাধিক টিম মাঠে কাজ শুরু করেছে। প্রাথমিকভাবে আমরা ধারণা করছি এলাকায় সন্ত্রাসী কর্মকান্ড পরিচালনা করার লক্ষ্যে তাদের অবস্থান হতে পারে।

আটককৃতদের বিরুদ্ধে অস্ত্র ও সাইবার ক্রাইম আইনে মুজিবনগর থানায় দুটি মামলা দায়ের করা হয়েছে।

মুজিবনগরে ছাগলে ঘাস খাওয়াকে কেন্দ্র করে মহিলাকে মারধর

মুজিবনগরের বল্লভপুরে গতকাল শুক্রবার রাস্তার পাশের ঘাস ছাগলে খাওয়াকে কেন্দ্র করে বল্লভপুর খ্রিস্টান সম্প্রদায়ের মহিলাকে মারধরের অভিযোগ উঠেছে বাগোয়ান গ্রামের মোল্লা পাড়ার সুরুন মোল্লার ছেলে মফি মোল্লার বিরুদ্ধে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে গতকাল শুক্রবার সকাল ১১ টার দিকে কেদারগঞ্জ আটকবর সড়কের বল্লভপুর পলি মাঠে প্রধান সড়কের পাশে সরকারি রাস্তার জমিতে অবৈধভাবে লাগানো ঘাস বল্লভপুর গ্রামের শুকু মন্ডলের স্ত্রী টুম্পা মন্ডল ছাগল চরানোর সময় তার ছাগলে ঘাস খেয়েছে এমন অভিযোগ করে টুম্পা মন্ডলকে অকথ্য ভাষায় গালিগালাজ এবং চুল চেপে ধরে মাটিতে ফেলে কিল ঘুষি মারে এবং ধারালো হাসোয়ার (হেঁসো) উল্টা পিঠ দিয়ে আঘাত করে আহত করে।

আহত টুম্পা মন্ডল স্থানীয় কয়েকজনের কাছে সহযোগিতা চেয়ে না পেয়ে লজ্জায় ক্ষোভে আজ শনিবার সকাল ৯ টার সময় বল্লভপুর মিরে গাড়ির মাঠে সাত্তার এর পুকুর পাড়ের ভুট্টা ক্ষেতে ঘাসমারা বিষ খেয়ে আত্মহত্যা করতে গেলে স্থানীয় কৃষক বাগোয়ান গ্রামের ইন্দু দেখেতে পেয়ে তাকে উদ্ধার করে।

এ বিষয়ে শনিবার থানায় একটি অভিযোগ দায়ের করেছে ভুক্তভোগী।

এ বিষয়ে মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) উজ্বল দত্ত জানান,মারধরের বিষয়ে একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। তদন্ত করে ব্যবস্থা গ্রহন করা হবে।

মুজিবনগরে শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে মহান শহীদ দিবস পালিত

মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে।

দিবসটি উদযাপন উপলক্ষে আজ বুধবার সকালে শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের প্রাঙ্গণে অবস্থিত শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

পুষ্পস্তবক অর্পণ করেন অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুস সালাম, বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি আলহাজ ফকির মোহাম্মদ সহ বিদ্যালয়ের শিক্ষক, ম্যানেজিং কমিটির সদস্য এবং শিক্ষার্থীবৃন্দ।

শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ শেষে বিদ্যালয়ের সভাকক্ষে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্যের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে মাতৃভাষা দিবসের

প্রথম প্রহরে শহীদ বেদীতে শ্রদ্ধাঞ্জলি অর্পন

মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে।দিবসটি উপলক্ষে বুধবার রাতের প্রথম প্রহরে ১২.১ মিনিটে শহীদ বেদীতে রাষ্টের পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা নির্বাহী ভারপ্রাপ্ত অফিসার নাজমুস সাদাত রন্ত ও উপজেলা চেয়ারম্যান জীয়াউদ্দীন বিশ্বাস।

এর পরে মুজিবনগর থানার পক্ষে অফিসার ইনচার্জ উজ্জ্বল দত্ত,বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন এর নেতৃত্বে জাতীর শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ এর নেতৃত্বে উপজেলা আওয়ামীলীগ, উপজেলা যুবলীগ,উপজেলা সেচ্ছাসেবকলীগ এর সহ সভাপতি মতিউর রহমান মতিন এর নেতৃত্বে উপজেলা সেচ্ছাসেবক লীগ, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব এর নেতৃত্বে উপজেলা কৃষকলীগ, ছাত্রলীগের পক্ষে মোনাখালী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি স্বপন গাজী ও বাগোয়ান ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ নেতৃত্বে উপজেলা ছাত্রলীগ, ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজের নেতৃত্বে মোনাখালী ইউনিয়ন পরিষদ, উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদীকা তাহমিনা খাতুনের নেতৃত্বে যুব মহিলা লীগের, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে মহাজনপুর ইউনিয়ন পরিষদ, মুজিবনগর উপজেলার ইয়াং বাংলা ফিউচার লিডার সভাপতি হাসানুজ্জামান লালটুর নেতৃত্বে ইয়াং বাংলা ফিউচার লিডার, সহ আওয়ামীলীগের বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ পুষ্পার্ঘ অর্পণ করেন ।

এছাড়াও বিভিন্ন সামাজিক রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন এবং শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে পুষ্পার্ঘ অর্পণ করা হয়।

মুজিবনগরে কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মুজিবনগরে গ্রামের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে সহযোগিতার মাধ্যমে সাধারণ মানুষকে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে। ২০১৭ সালে মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামে গড়ে ওঠে মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। গ্রামের সাধারণ জনগোষ্ঠীর নিজেদের টাকার সঞ্চয় দিয়ে তিল তিল করে গড়ে ওঠে মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। এই ক্রেডিট ইউনিয়ন স্বচ্ছতার মাধ্যমে বিভিন্ন স্কিম এর আওতায় তাদের ৯৮৬ জন সদস্যদেরকে সেবা দিয়ে যাচ্ছে।

সেই ক্রেডিট ইউনিয়ন মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ৭ তম বার্ষিক সাধারণ সভা -২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (১১ ফেব্রুয়ারি) সকাল সাড়ে নয় টার সময় মুজিবনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন এর অফিস প্রাঙ্গনে এই সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান মনিরুল ইসলামের সভাপতিত্বে এবং কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সদস্য ওমর ফারুকের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সমবায় অফিসার জহুরুল ইসলাম।

প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সাধারণ সম্পাদক রকিবুল ইসলাম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ড সদস্য সোহরাব হোসেন, মুজিবনগর কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সহ সভাপতি জাহাঙ্গীর আলম, জেনারেল ম্যানেজার মতিয়ার রহমান, সদস্য শাহজাহান গাজী।

এসময় মুজিবনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা ও কর্মচারী এবং মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ৯৮৬ জন সদস্য ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী দম্পত্তি আটক

মেহেরপুরের মুজিবনগরে ৫০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী দম্পত্তিকে আটক করেছে পুলিশ।

আজ শনিবার (১০ ফেব্রুয়ারি) ভোর সাড়ে ৬টার দিকে মুজিবনগর-আটকবর সড়কের বটতলা নামক স্থানে মুজিবনগর থানার এসআই মো: খালিদুর আশিকের নেতৃত্বে পুলিশের একটি দল এ অভিযান পরিচালনা করেন। আটক দম্পত্তিরা হলেন, ঢাকা পল্লবীর ব্লক- সি ৩৫ নম্বর বাসার বাসিন্দা আব্দুল মান্নানের ছেলে তানভীর হোসেন (৩০) এবং তার স্ত্রী স্বর্ণা খাতুন।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ আটকবর সড়কের হরেনের বটতলা নামক স্থানে এস আই মো: খালিদুর আশিক, এস আই ইস্রাফিল ও এএসআই সীমা খাতুন সঙ্গীও ফোর্স নিয়ে অভিযান পরিচালনা করেন। এসময় ওই স্থানের একটি চা দোকানের পাশের একটি হেয়ারিং রাস্তায় ওই দম্পত্তিতে দেখে তারা চ্যালেঞ্জ করেন এবং তানভির হোসের হাতে হাতে সাদা বস্তাতে তল্লাশি করে ৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেন।

এস আই মো: খালিদুর আশিক জানান, তানভিরের বিরুদ্ধে মাদক মামলায় আরও দুটি মামলা রয়েছে। ধারণা করা হচ্ছে তারা সীমান্ত এলাকা থেকে মাদক নিয়ে গিয়ে রাজধানী এলাকায় ব্যবসা করেন। তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত

মুজিবনগরে পলাশীপাড়ার সমাজ কল্যাণ সমিতির মোনাখালী সমৃদ্ধি শাখার উদ্যোগে চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

দারিদ্র দূরীকরণের লক্ষ্যে “দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচীর আওতায়”পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)এর অর্থায়নে এবং পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)এর বাস্তবায়নে, যশোর আদ দ্বীন চক্ষু হাসপাতাল পরিচালনায় রবিবার সকালে মোনাখালী ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে এই চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়।

উক্ত চক্ষু ক্যাম্প, চক্ষু ক্যাম্পে ১৬৭ জন চক্ষু রোগীর চিকিৎসা প্রদান করা হয় এর মধ্য থেকে ৩১ জন চোখের সানিপড়া রোগীকে বাছাই করে বিনামূল্যে সানি অপারেশন করা হবে।মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চক্ষু ক্যাম্পের উদ্বোধন করেন।

এ সময় আরো উপস্থিত ছিলেন মোনাখালী প্রবীণ ইউনিয়ন কমিটির সভাপতি আব্দুল মান্নান, সাধারণ সম্পাদক অশকার মিয়া, উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী হাসানুজ্জামান, স্বাস্থ্য কর্মকর্তা সমাজ উন্নয়ন কর্মকর্তা ও স্বাস্থ্য পরিদর্শকগণ।

মুজিবনগরে প্রধানমন্ত্রীর উপহার শীতবস্ত্র কম্বল বিতরণ

মুজিবনগরে অসহায় দরিদ্র শীতার্ত মানুষের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

আজ শনিবার দুপুরে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স অডিটরিয়ামে বাংলাদেশ যুব মহিলা লীগ মুজিবনগর উপজেলা শাখার।

আয়োজনে,প্রধানমন্ত্রীর উপহার হিসাবে ২০০০ জন শীতার্তদের মাঝে এ সমস্ত কম্বল বিতরণ করা হয়।

কম্বল বিতরণ অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় যুব মহিলা লীগের সহ-সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রীর সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন,মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড: রুত-শোভা মন্ডল, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক তহমিনা খাতুন।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলার স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন উপজেলা ইয়াং বাংলা ফিউচার লিডারের সভাপতি হাসানুজ্জামান লালটু সহ আওয়ামী যুব মহিলা লীগের উপজেলা নেতৃবৃন্দ।